গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নং-২৪.০২.০০০০.০০১.১১.৭২৯.২০-১৪৭

তারিখ : ১১ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ / ২৫ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়াধীন বস্ত্র অধিদপ্তর ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন কার্যালয়/ শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য নিম্নলিখিত রাজস্ব খাতভুক্ত সরাসরি পূরণযোগ্য স্থায়ী ও অস্থায়ী শূন্য পদের বিপরীতে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ২৭/১০/২০২০ তারিখের ২৪.০০.০০০০.১১৫.১১.০১৮.১৮-৩১১, নম্বর স্মারকের মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক অস্থায়ীভাবে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তে আগ্রহী স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে http://dotr.teletalk.com.bd ওয়েবসাইটে Online-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	পদের নাম, জাতীয় বেতন স্কেল, ২০১৫ ও গ্রেড	পদের সংখ্যা ও প্রকৃতি	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে জেলার প্রকৃত স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন
১	পরিদর্শক (কারিগরি) ১২৫০০-৩০২৩০/- গ্রেড-১১	০১(এক)টি অস্থায়ী	কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে ডিপ্লোমা পাশ।	ক্রমিক নম্বর ০১ হতে ১৫ নম্বর পর্যন্ত পদের জন্য : ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ি, শরিয়তপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোনা, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাজশাহী, জয়পুরহাট, সিরাজগঞ্জ, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, কুড়িগ্রাম, রংপুর, নীলফামারী, লালমনিরহাট, ঠাকুরগাঁও, ঝিনাইদহ, নড়াইল, বাগেরহাট, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ জেলার প্রকৃত স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
২	কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- গ্রেড-১৩	০৪ (চার)টি অস্থায়ী	সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ মোতাবেক) ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী এবং খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।	
৩	টেইলার মাস্টার ১১০০০-২৬৫৯০/- গ্রেড-১৩	০৫ (পাঁচ)টি অস্থায়ী	ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ড্রেস মেকিংসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাস এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।	
৪	সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- গ্রেড-১৩	০১ (এক)টি স্থায়ী	The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Department) Recruitment Rules, 1978 এবং সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ মোতাবেক ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং খ) কম্পিউটার টাইপিং প্রতি মিনিটে বাংলা সর্বনিম্ন ২৫ শব্দ এবং প্রতি মিনিটে ইংরেজি সর্বনিম্ন ৩০ শব্দ এবং গ) শর্টহ্যান্ড গতি বাংলা প্রতি মিনিট ৫০ শব্দ ও ইংরেজি প্রতি মিনিট ৮০ শব্দ।	
৫	উচ্চমান সহকারী ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪	০৩(তিন)টি অস্থায়ী	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; এবং খ) অফিসের কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান।	
৬	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪	০১(এক)টি স্থায়ী	The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Department) Recruitment Rules, 1978 এবং সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ মোতাবেকঃ ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং খ) কম্পিউটার টাইপিং প্রতি মিনিটে বাংলা সর্বনিম্ন ২৫ শব্দ এবং প্রতি মিনিটে ইংরেজি সর্বনিম্ন ৩০ শব্দ এবং গ) শর্টহ্যান্ড গতি বাংলা প্রতি মিনিট ৪৫ শব্দ ও ইংরেজি প্রতি মিনিট ৭০ শব্দ।	
৭	প্যাটার্ণ ডিজাইনার ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪	০১ (এক)টি অস্থায়ী	কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হতে ফ্যাশন ডিজাইন বা ফাইন আর্টস এ ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা এবং কম্পিউটার চালনায় পারদর্শিতা।	
৮	টেকনিক্যাল এ্যাসিস্ট্যান্ট ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	২০ (বিশ)টি (১৬টি স্থায়ী এবং ০৪টি অস্থায়ী)	কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে প্রথম বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাস।	
৯	লাইব্রেরী এ্যাসিস্ট্যান্ট ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	০২ (দুই)টি অস্থায়ী	কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাস বা গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।	
১০	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	১৯ (উনিশ)টি (১০টি স্থায়ী ও ০৯টি অস্থায়ী)	নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাস রাইডার, এম.এল.এস.এস (মন্ত্রণালয়, বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ মোতাবেক- ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং খ) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২৮ শব্দের গতি; এবং গ) কম্পিউটার চালানোর দক্ষতা।	
১১	স্টোর কিপার ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	০৩ (তিন)টি অস্থায়ী	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী; এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং খ) কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান।	
১২	ড্রাইভার ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	০২ (দুই)টি (০১টি স্থায়ী ও ০১টি অস্থায়ী)	The Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 মোতাবেক ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স; গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন।	
১৩	ম্যাকানিক্স ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	১০ (দশ)টি স্থায়ী	কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ম্যাকানিক্যাল ট্রেড পাস সহ ৫(পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।	
১৪	বয়লার অপারেটর ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	০১ (এক)টি অস্থায়ী	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট কোর্স পাস এবং ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা এবং বয়লার ইন্সপেক্টর কর্তৃক এ অথবা বি গ্রেড সার্টিফিকেটপ্রাপ্ত।	
১৫	ল্যাবরেটরী এ্যাসিস্ট্যান্ট ৮৮০০-২১৩১০/- গ্রেড-১৮	০৮(আট)টি (০২টি স্থায়ী ও ০৬টি অস্থায়ী)	কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগ হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাস।	
১৬	নিরাপত্তা প্রহরী ৮২৫০-২০০১০/- গ্রেড-২০	০১(এক)টি স্থায়ী	কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাসসহ শারিরীকভাবে যোগ্য।	ক্রমিক নম্বর ১৬ হতে ১৮ নম্বর পর্যন্ত পদের জন্য : ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, রাজবাড়ি, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, শেরপুর, নেত্রকোনা, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, রাঙ্গামাটি, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া রংপুর, কুড়িগ্রাম, ঠাকুরগাঁও, যশোর, ঝিনাইদহ, নড়াইল, সাতক্ষীরা মেহেরপুর, ঝালকাঠি, পিরোজপুর বরগুনা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ জেলার প্রকৃত স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
১৭	অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- গ্রেড-২০	৩৩ (তেত্রিশ)টি (১৫টি স্থায়ী ও ১৮টি অস্থায়ী)	নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাস রাইডার, এম.এল.এস.এস (মন্ত্রণালয়, বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ মোতাবেক অষ্টম শ্রেণী বা সমমান পাস এবং অভিজ্ঞতা আবশ্যক। শারিরীকভাবে যোগ্যতা থাকতে হবে।	
১৮	মালি ৮২৫০-২০০১০/- গ্রেড-২০	০১(এক)টি স্থায়ী	কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাসসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা।	
	মোট=	১১৬টি		

শর্ত ও নিয়মাবলী :

০১। অন-লাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান পদ্ধতিঃ

ক. আবেদন http://dotr.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি দাখিল করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ
i) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: ২৮/০১/২০২১ খ্রিঃ, সকাল ১০:০০ টা।
ii) Online এ আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ: ১৮/০২/২০২১ খ্রিঃ, বিকাল ৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে দুটি SMS করে এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী ০১টি User ID, ছবি এবং স্বাক্ষর যুক্ত ০১টি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Print অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং এই User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে দুটি SMS করে সফলভাবে দাখিলকৃত আবেদনকারীগণকে আবেদনের ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে বর্ণিত ক্রমিক নম্বর ০১ হতে ১৫ নম্বর পর্যন্ত পদের জন্য আবেদন ফি ১০০ টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ টাকাসহ (অফেরতযোগ্য) সর্বমোট ১১২/- টাকা (একশত বারো টাকা) এবং ক্রমিক নম্বর ১৬ হতে ১৮ নম্বর পর্যন্ত পদের জন্য ৫০ টাকা + Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬ টাকাসহ (অফেরতযোগ্য) সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থায় গৃহীত হবে না।
প্রথম SMS : DOTR<space>USER_ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example. DOTR ABCDEF and send to 16222
দ্বিতীয় SMS : DOTR<space>YES <space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example. DOTR YES 12345678 and send to 16222

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dotr.teletalk.com.bd এই ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।
i) User ID জানা থাকলে DOTR< Space >Help< Space >User< Space >User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DOTR Help User ABCDEF & Send to 16222
ii) PIN Number জানা থাকলে DOTR<Space>Help<Space>PIN<Space>PIN_No. লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: DOTR Help PIN 1234567 & Send to 16222

ঝ. "বস্ত্র অধিদপ্তরের" www.dot.gov.bd ওয়েবসাইটে বিজ্ঞপ্তি, Online আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি পাওয়া যাবে।

ঞ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে কোন ক্লেক্সিলোডের অথবা কম্পিউটার দোকানদার থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ট. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd বা ddsurvey-stat@dot.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।
(Mail এর subject-এ Organization Name: DOTR Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

২. এতিম/বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধার সন্তান/বীর মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য ও সাধারণ প্রার্থীদের জন্য সরকারি সার্কুলার মোতাবেক কোটা অনুসরণ করা হবে।

৩. সকল জেলার এতিম ও শারিরীক প্রতিবন্ধীরা আবেদন করতে পারবেন।

৪. ২৮/০২/২০২১খ্রি: তারিখে সাধারণ প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর এর মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও এতিম এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের নাতী/নাতনীদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ (ত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৫. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। অনুমতির কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৬. লিখিত ও মৌখিক পরীক্ষার সময় ও স্থান এসএমএস এর মাধ্যমে এবং বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইট www.dot.gov.bd এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে এবং প্রবেশপত্র এসএমএস এ প্রদত্ত User ID এবং password ব্যবহার করে উল্লেখিত লিংক থেকে ডাউনলোড করতে হবে। অনলাইন ছাড়া অন্যোদাভাবে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

৭. ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনে উল্লেখিত কোটা প্রমাণের জন্য সকল কাগজপত্র, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্রসহ সকল মূল সনদপত্র প্রদর্শন করতে হবে এবং সকল কাগজপত্র ও সনদের (একসেট) ফটোকপি দাখিল করতে হবে।

৮. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

৯. কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তের সাথে সাংঘর্ষিক আবেদনপত্র বাতিল এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি কিংবা নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-
(মো: আব্দুর রহমান)
উপপরিচালক (প্রশাসন) (অ: দা:)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।